Sub. to the VC
Regr.
Dpdy. Regr.
24.4.24

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর
বাড়ি নং ৪৪(২য় তলা), সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং-৩৭.২৪.০০০০.০০০.০৮.০০২.২৪-১০

তারিখ : ০৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান-২০২৪ এর বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে দেশের অভ্যন্তরে সরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত/অধ্যয়নরত পিএইচ.ডি. গবেষককে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে **পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান-২০২৪** এর বিজ্ঞপ্তিটি **বাংলাদেশ প্রতিদিন, দৈনিক আমাদের সময় এবং The Daily Observer পত্রিকায় ২২ এপ্রিল ২০২৪ তারিখে** প্রকাশিত হয়।

এমতাবস্থায়, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:
১. পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান-২০২৪ এর বিজ্ঞপ্তি;
২. প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি নির্দেশিকা, ২০২২।

22/04/2024

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন: ৫৫০০০৪২৮
ই-মেইল: ad.stipend@pmeat.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগাঁরগাও, ঢাকা।
৪. উপাচার্য/রেজিস্টার, সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় (সকল)।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬.চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা।
৮. ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৯. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১. বিভাগীয় কমিশনার (সকল)।
১২. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ঢাকা।
১৩. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
১৪. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১৫. জেলা প্রশাসক (সকল)।
১৬. জেলা শিক্ষা অফিসার (সকল)।
১৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল)
১৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০০.৩২.০০২.২৪.০৮

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

# পিএইচডি ফেলোশিপ বিজ্ঞপ্তি-২০২৪

**বিষয়: বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত পিএইচডি গবেষকগণের নিকট থেকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে পিএইচডি ফেলোশিপের জন্য দরখাস্ত আহ্বান।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় পিএইচডি ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরস্থ সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে পিএইচডি কোর্সে ভর্তিকৃত/অধ্যয়নরত গবেষকগণের নিকট থেকে নিম্নোক্ত অধিক্ষেত্রে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

## গবেষণার অধিক্ষেত্র

১ সামাজিক বিজ্ঞান (Social Science);
২ কলা ও মানবিক (Arts & Humanities);
৩ ব্যবসায় শিক্ষা (Business Studies);
৪ সমুদ্র বিজ্ঞান (Marine Science);
৫ আইন (Law);
৬ ভৌত বিজ্ঞান (Physical Science);
৭ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology);
৮ বিজ্ঞান (Science);
৯ জীব বিজ্ঞান (Biological Science);
১০ শিক্ষা ও উন্নয়ন (Education & Development);
১১ চিকিৎসা বিজ্ঞান (Medical science);
১২ চারু ও কারু (Fine Arts);
১৩ কৃষি বিজ্ঞান (Agricultural Science);
১৪ ধর্মীয় শিক্ষা (Religious Studies)।

**আবেদনের নিয়ম ও শর্তাবলি:**

ক. গবেষকগণ অনলাইনে www.eservice.pmeat.gov.bd/mnp আবেদন করবেন।

খ. আগামী **২২ এপ্রিল ২০২৪ খ্রি: হতে ২৩ মে ২০২৪ খ্রি: তারিখ** রাত ১১.৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

গ. সমগ্র শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ **(জিপিএ ৫ স্কেলে ৩.৫০ এবং ৪ স্কেলে ৩.০০)** থাকতে হবে।

ঘ. **ফেলোশিপের জন্য আবেদন জমাদানের তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বছর।**

ঙ. অনলাইনে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি (সনদ ও মার্কশিট), পিএইচডি কোর্সে ভর্তি ও রেজিস্ট্রেশনের কপি, গবেষণা প্রস্তাবনা (synopsis), বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র সংযোজন (Upload) করতে হবে।

চ. **অনলাইনে পুরণকৃত আবেদনপত্র ডাউনলোড করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ (০২ সেট আবেদন) আবেদনের শেষ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে মধ্যে সরাসরি/ডাকযোগে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর প্রেরণ করতে হবে।**

ছ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি সংযোজন (Upload) করতে হবে।

জ. কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

ঝ. বিস্তারিত জানতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে www.pmeat.gov.bd এ সংক্রান্ত নির্দেশিকাসহ অন্যান্য বিষয়াদি দেখা যেতে পারে।

**হট লাইন:** ০১৭২৪৫৯৬৬৭৬
০১৭৭৮৯৫৮৩৫৬
০১৭৭৮৯৬৪১৫৬

২১.৪.২০২৪

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd